

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৫. ২. ৩. যিশাইয়র উদ্ধৃতিতে পলের বিকৃতি

১ করিস্থীয় ২ অধ্যায়ের ৯ শ্লোকটা নিম্নরূপ: "কিন্তু, যেমন লেখা আছে, 'চোখ যা দেখেনি, কান যা শোনেনি এবং মানুষের হৃদয়াকাশে যা ওঠেনি, যারা তাঁকে মহববত করে, আল্লাহ তাদের জন্য তা প্রস্তুত করে রেখেছেন।" (মো.-১৩)

বাইবেলের ভাষ্যকাররা বলেন, এ উদ্ধৃতিটা যিশাইয়র/ ইশাইয়ার ৬৪ অধ্যায়ের ৪ শ্লোক থেকে নেওয়া হয়েছে। শ্লোকটা নিম্নরূপ: "কারণ পুরাকাল থেকে লোক শোনেনি, কানে অনুভব করেনি, চোখে দেখেনি যে, তোমা ভিন্ন আর কোন আল্লাহ আছেন, যিনি তাঁর অপেক্ষাকারীর পক্ষে কাজ করে থাকেন।"

লক্ষ্য করুন, উভয় বক্তব্যের মধ্যে কত বড় পার্থক্য! নিঃসন্দেহে উভয় স্থানের একটা স্থানে বিকৃতি ঘটেছে। এ প্রসঙ্গে বাইবেল ব্যাখ্যাকার আদম ক্লার্ক বলেন, এ জটিল সমস্যার বিষয়ে আমি কি বলব তা ভেবে পাচ্ছি না। তবে আমি পাঠকের সামনে দুটো সম্ভাবনার কথা উল্লেখ করছি। প্রথম সম্ভাবনা, এ স্থানে ইহুদিরা মূল হিব্রু বাইবেলে ও গ্রিক অনুবাদে ইচ্ছাকৃতভাবে বিকৃত করেছে। দ্বিতীয় সম্ভাবনা পৌল এখানে যিশাইয়র পুস্কক থেকে উদ্ধৃতি প্রদান করেননি, বরং তিনি এ বাক্যটা উদ্ধৃত করেছেন একটা বা দুটো জাল পুস্কক থেকে। যিশাইয়র উর্ধ্বারোহণ (The Ascension of Isaiah) ও এলিয়র নিকট প্রকাশিত বাক্য (The Revelation of Eli'jah) নামক দুটো জাল ও বানোয়াট পুস্তকে পৌলের উদ্ধৃত এ বক্তব্যটা হুবহু পাওয়া যায়। কেউ কেউ মনে করেন যে, প্রেরিত পৌল উক্ত জাল ও বানোয়াট পুস্তক থেকে এ বক্তব্যটা উদ্ধৃত করেছেন। সম্ভবত মানুষদের জন্য প্রথম সম্ভাবনাটা মেনে নেওয়া সহজ হবে না। তবে আমি এখানে গুরুত্বের সাথে পাঠকদেরকে স্মরণ করাতে চাই যে, দ্বিতীয় সম্ভাবনাটাকে জীরোম ধর্মত্যাগ ও অবিশ্বাসের চেয়েও ভয়ঙ্কর বলে গণ্য করেছেন।[1]

ফুটনোট

[1] কিরানবী, ইযহারুল হক (বঙ্গানুবাদ, ইফাবা) ১/৩৩৭-৩৩৮; ১৮৫১ সালে লন্ডনে মুদ্রিত আদম ক্লার্ক রচিত বাইবেল ব্যাখ্যাগ্রন্থ থেকে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14211

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন